ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-২৬৫৬</u>

জম্পুইজলা, ১ সেপ্টেম্বর, ২০২৫

**জম্পুইজলা মিশন সংকল্প অভিযানে কর্মশালা অনুষ্ঠিত**

জম্পুইজলা মহকুমা শাসক কার্যালয়ের সভাগৃহে সম্প্রতি বাল্যবিবাহ, কিশোরী গর্ভধারণ প্রতিরোধ এবং নেশা বিরোধী কর্মসূচির উপর একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। মিশন সংকল্প অভিযানে জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক কার্যালয় এই কর্মশালার আয়োজন করে। কর্মশালায় উপস্থিত ছিলেন জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক চিরঞ্জীব আনন। মহকুমা শাসক জানান, বাল্যবিবাহ প্রতিরোধের জন্য জম্পুইজলা মহকুমা শাসক কার্যালয়ে একটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে। হেল্পলাইন নম্বরটি হল-৭০০৫১৬১০৪৬। এই নম্বরে যেকোন ব্যক্তি বাল্যবিবাহ সংক্রান্ত বিষয়ে যেকোন সময় জানতে পারবেন। কর্মশালায় উপস্থিত ছিলেন জম্পুইজলা ব্লকের অতিরিক্ত বিডিও বীরবাহাদুর রিয়াং, জম্পুইজলার ডিসিএম সঞ্জয় কলই, জম্পুইজলা মহকুমার অন্তর্গত বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন ধর্মের ধর্মগুরু বা পুরোহিতগণ এবং সমাজসেবীগণ।

*******